

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৪৭৬  
আগরতলা, ৫ জানুয়ারি, ২০২৪

**রাজ্যের চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত**

রাজ্যের চূড়ান্ত ভোটার তালিকা আজ প্রকাশিত হয়েছে। ১লা জানুয়ারি, ২০২৪ কে ভিত্তি বছর ধরে ভোটার তালিকায় বিশেষ সংক্ষিপ্ত সংশোধনীর পর চূড়ান্ত ভোটার তালিকায় ভোটার রয়েছেন ২৮,৫৬,৯২৫ জন। যার মধ্যে ১৪,৩৫,১৭২ জন পুরুষ, ১৪,২১,৬৭৯ জন মহিলা এবং ৭৪ জন তৃতীয় লিঙ্গের। ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধনীর মূল দিকগুলি হচ্ছে, চূড়ান্ত ভোটার তালিকায় ১৮-১৯ বছর বয়সী মোট ৩২,২১৮ জন নতুন ভোটারের নাম যুক্ত হয়েছে। তার মধ্যে ১৭,৪৫৪ জন হচ্ছেন পুরুষ ও ১৪,৭৫৮ জন মহিলা এবং ৬ জন তৃতীয় লিঙ্গের। মহিলাদের নাম নথিভুক্তির উপর জোর দেওয়াতে লিঙ্গ অনুপাতেও উল্লেখযোগ্য উন্নতি লক্ষ্য করা গেছে। খসড়া তালিকায় লিঙ্গ অনুপাত ছিল ৯৮৯ জন, যা চূড়ান্ত তালিকায় বেড়ে দাঁড়ায় ৯৯১ জন। ভোটার তালিকা থেকে মোট ১৩,২৩১ জন মৃত ভোটারের নাম বাদ দেওয়া হয়েছে।

এই চূড়ান্ত ভোটার তালিকা সমস্ত ভোট কেন্দ্রে, নির্দিষ্ট স্থানে, মহকুমা শাসক, জেলা শাসকের অফিস এবং তহশিল অফিসেও দেখা যাবে। তবে যারা বিশেষ সংশোধনী প্রক্রিয়ার সুযোগ নিতে পারেননি তারা ৬ জানুয়ারি ২০২৪ থেকে যে আপডেশন প্রক্রিয়া শুরু হবে তাতে সুযোগ নিয়ে নাম নথিভুক্ত করতে পারবেন বলে জানিয়েছেন অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক উষাজেন মগ।

\*\*\*\*\*